www.prepp.in

Prepp
Your Personal Exams Guide

UPSC CSE 2017 MAINS PAPER 6 NOVEMBER 03, 2017 BENGALI OPTIONAL PAPER - I QUESTION PAPER

# বাংলা / BENGALI

## প্রশ্নপত্র I / Paper I

## ( সাহিত্য ) / ( LITERATURE )

| | |
|---|---|
| সময় : 3 ঘন্টা<br>Time Allowed : **Three Hours** | পূর্ণমান : **250**<br>Maximum Marks : **250** |

### প্রশ্নপত্র-সংক্রান্ত আবশ্যিক নির্দেশাবলী

***উত্তর লেখার পূর্বে নিম্নে প্রদত্ত প্রতিটি নির্দেশ যত্ন সহকারে পড়ুন :***

*প্রশ্নপত্রের দুটি ভাগে সর্বমোট **আটটি (8)** প্রশ্ন আছে ।*

*পরীক্ষার্থীকে সর্বমোট **পাঁচটি (5)** প্রশ্নের উত্তর দিতে হবে ।*

***প্রথম (1)** এবং **পঞ্চম (5)** প্রশ্ন দুটি আবশ্যিক । অবশিষ্ট **তিনটি (3)** দুটি বিভাগ থেকে অন্তত **একটি** করে নির্বাচন করতে হবে ।*

*প্রতিটি প্রশ্ন/ প্রশ্নাংশের জন্য নির্ধারিত মান দেওয়া হয়েছে ।*

*উত্তরগুলি বাংলা অক্ষরে লিখতে হবে ।*

*কোনো প্রশ্নের সঙ্গে উত্তরের জন্য নির্দিষ্ট শব্দসংখ্যা দেওয়া থাকলে তা মান্য করতে হবে ।*

*উত্তরগুলি ক্রমানুসারে বিচার করা হবে । কোনো উত্তর বা উত্তরাংশ বাতিল করতে হলে স্পষ্টভাবে কেটে দেবেন । নাহলে সেটি, অসম্পূর্ণ থাকলেও, পরীক্ষা করা হবে । প্রশ্নোত্তর পুস্তিকার পৃষ্ঠার যে অংশ খালি থাকবে পরিষ্কারভাবে কেটে দেবেন ।*

### Question Paper Specific Instructions

***Please read each of the following instructions carefully before attempting questions :***

*There are **EIGHT** questions divided in **TWO SECTIONS**.*

*Candidate has to attempt **FIVE** questions in all.*

*Question nos. **1** and **5** are compulsory and out of the remaining, any **THREE** are to be attempted choosing at least **ONE** from each section.*

*The number of marks carried by a question / part is indicated against it.*

*Answers must be written in **BENGALI (Bengali script)**.*

*Word limit in questions, wherever specified, should be adhered to.*

*Attempts of questions shall be counted in sequential order. Unless struck off, attempt of a question shall be counted even if attempted partly. Any page or portion of the page left blank in the Question-cum-Answer Booklet must be clearly struck off.*

www.prepp.in

Prepp
Your Personal Exams Guide

## SECTION A

**Q1.** **নিম্নলিখিত প্রতিটি প্রশ্নের উত্তর বাংলা ভাষা ও বাংলা অক্ষরে লিখুন (একটি উত্তরের প্রত্যাশিত শব্দসংখ্যা 150)** *10×5=50*

(a) মধ্য ভারতীয় আর্য ভাষার বৈশিষ্ট্যগুলি লিখুন । এগুলির মধ্যে কোন ভাষাটি থেকে বাংলা ভাষা উদ্ভূত হয়েছে ? *10*

(b) মধ্যযুগের বাংলা ভাষার বৈশিষ্ট্যগুলি উদাহরণ-সহ আলোচনা করুন । *10*

(c) ভাষা আর উপভাষার মধ্যে সম্পর্ক কি ভাবে নিরূপিত হয় ? রাঢ়ী-উপভাষার অঞ্চল ও বৈশিষ্ট্যগুলি লিখুন । *10*

(d) বাংলা সাধু ও চলিত রীতির তুলনামূলক আলোচনা করুন । *10*

(e) বাংলা ভাষায় আরবী-ফার্সি শব্দের বাহুল্যের কারণ কেবলমাত্র ধর্মীয় নয় । প্রশাসন ও বিচার ব্যবস্থাও এজন্য দায়ী । – বলা যায় । *10*

**Q2.** **নিম্নলিখিত প্রতিটি প্রশ্নের উত্তর দিন ।** **50**

(a) বাংলা ভাষায় বচন ও লিঙ্গ সম্পর্কিত ভাবনা ও প্রকাশ সম্পূর্ণ স্বতন্ত্র — আপনার অভিমত দিন । *15*

(b) বাংলা বানান সংশোধনের প্রস্তাব, মান নির্ণয়, ব্যতিক্রম কমানো ইত্যাদি যথেষ্ট সমস্যা — বর্তমানে স্বাধীন রাষ্ট্র বাংলাদেশ হবার পর থেকে সমস্যাটি আরও বেড়েছে । এর সমাধান কিভাবে সম্ভব ? *20*

(c) মুদ্রাযন্ত্র, কম্পিউটার ও আধুনিক সামাজিক দূরসঞ্চার ব্যবস্থা (internet ও modern social networking) – কি বাংলাভাষা বিকাশে সহায়ক না সমস্যা ? — আলোচনা করুন । *15*

**Q3.** **নিম্নলিখিত প্রতিটি প্রশ্নের উত্তর লিখুন ।** **50**

(a) বাংলাভাষায় শ্বাসাঘাত, হলন্ত প্রবণতা, দ্ব্যক্ষর প্রবণতা, স-য-ন উচ্চারণের বৈশিষ্ট্য সম্পর্কে যা জানেন, জানান । *15*

(b) বাংলা ভাষায় বাংলা ও সন্নিহিত অঞ্চলের আদিম জনজাতিদের ভাষায় সম্পর্ক ও প্রভাব সম্পর্কে আলোচনা করুন । *15*

(c) বাংলা ক্রিয়ার শ্রেণী-বিভাগ করুন । কাল-ভাব-পুরুষ-ভেদে বাংলা ক্রিয়াপদের রূপ কিরকম হয় — সবিস্তারে লিখুন । *20*

www.prepp.in

Prepp
Your Personal Exams Guide

**Q4.** **নিম্নলিখিত প্রতিটি বিষয়ের উত্তর টীকা লিখুন।** ***10×5=50***

(a) ধ্বন্যাত্মক শব্দ *10*

(b) উপসর্গ *10*

(c) ক্ষতিপূরক দীর্ঘীভবন *10*

(d) অবহট্ট *10*

(e) ব্রজবুলি *10*

Prepp Your Personal Exam Guide

www.prepp.in

Prepp
Your Personal Exams Guide

## SECTION B

**Q5.** **নিম্নলিখিত সবকটি প্রশ্নের উত্তর দিন । প্রতিটির প্রত্যাশিত শব্দসংখ্যা 150** *10×5=50*

(a) তুর্কী-আক্রমণের কালে বাংলা-সাহিত্যের দুশো বছর 'নিশ্চিহ্ন পদক্ষেপ'-এর সময়, বলেছেন কেউ কেউ ! আপনার মতামত জানান । *10*

(b) শ্রীচৈতন্য যে – চণ্ডীদাসের পদ আস্বাদন করতেন বলে জানা যায়, তিনি কি 'শ্রীকৃষ্ণকীর্তনে'র রচয়িতা ? আপনার কি ধারণা ও যুক্তি ? — বিশদ করুন । *10*

(c) 'গোরা'-র জন্ম কথা রবীন্দ্রনাথের স্বদেশভাবনার কোন দিকটি পরিস্ফুট করে — আলোচনা করুন । *10*

(d) গিরিশচন্দ্র ঘোষ – ক্ষীরোদ প্রসাদ বিদ্যাবিনোদ যে অর্থে পুরাণকে ব্যবহার করেছেন মন্নথ রায় তা করেননি । মন্নথরায় নতুন কী করেছেন ? — বিচার করুন । *10*

(e) 'ময়মন সিংহ গীতিকা' বাংলা সাহিত্যের দুর্লভ সংযোজন । – বলা যায় ? *10*

**Q6.** **নিম্নলিখিত সবকটি প্রশ্নের উত্তর দিন ।** *50*

(a) ঊনবিংশ শতাব্দীর বাংলা সাহিত্যে যে স্বদেশ-চেতনার প্রকাশ, তা, মধ্যযুগের সাহিত্যে কোথাও ছিল না । — উপযুক্ত উদাহরণসহ বিষয়টি পরিস্ফুট করুন ।

(b) বিজয়গুপ্তের 'মনসা মঙ্গল' বাংলার বদ্বীপ-ভূমির কৃষি-সমাজের আকাঙ্ক্ষাপূরণের আখ্যান — বলা যায় কি ?

(c) বাংলা গদ্যের ইতিহাসে ফোর্ট উইলিয়াম কলেজের লেখকদের স্থান আলোচনা করুন ।

**Q7.** **নিম্নলিখিত সবকটি প্রশ্নের উত্তর দিন ।**

(a) 'বঙ্গদর্শন' বাঙালির আত্মদর্শন শুধু নয় বিশ্বদর্শনও বলা যায় । – কেন ? প্রমাণ ও যুক্তি সাজান ।

(b) কবিতা শুধু ক্ষয়ের কথা বলে না অক্ষয় শুভ-কল্যাণ মানব মুক্তির কথাও বলে । সুকান্ত ভট্টাচার্য থেকে সুভাষ মুখোপাধ্যায়ের কবিতায় এই ধারণাটি কি স্পষ্ট করতে পারেন ?

(c) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় 'আরণ্যক' যেখানে শেষ করলেন মহাশ্বেতাদেবী ঠিক যেন সেখানথেকেই তাঁর 'অরণ্যের অধিকার' শুরু করলেন । — মন্তব্যটি সমর্থন করেন কি না লিখুন ।



*STH-P-BNG*

www.prepp.in
Prepp
Your Personal Exams Guide

**Q8. নিম্নলিখিত সবকটি প্রশ্নের উত্তর দিন ।** ***50***

(a) নবীনচন্দ্রসেন এক ধর্ম এক রাষ্ট্র গঠনের যে শ্রীকৃষ্ণ কেন্দ্রিক মহাকাব্য ধর্মী ত্রয়ী কাব্য লিখলেন, বঙ্কিমচন্দ্রের 'কৃষ্ণচরিত্র' তার সমান্তরাল কিছু নয়, পরিপূরক — বলা যায় ? *20*

(b) মাণিক বন্দ্যোপাধ্যায় শুরু করলেন মনের অন্তর্বাস্তব দিয়ে শেষ করলেন সমাজতান্ত্রিক বাস্তবতায় । এই যাত্রাপথ কি যুক্তিসঙ্গত শৈল্পিক পরিণতি ? — আপনার কি মনে হয় ? *15*

(c) স্বর্ণ কুমারী দেবী – আশালতাসিংহ – প্রিয়ম্বদা দেবীর রচনার পরিচয় দিন । *15*

www.prepp.in